



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০৮১-৭০০৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৩৫৪

তারিখ: ০৯/০৮/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদের জন্য আধুনিক ও প্রযুক্তি-নির্ভর সেবা প্রদানে কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও সোনালী ব্যাংকের মধ্যে চুক্তিপত্র

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের উন্নতমানের সেবা ও সহযোগিতা প্রদানের উদ্দেশ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও সোনালী ব্যাংকের মধ্যে আজ (০৯ আগস্ট) বুধবার সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ে একটি চুক্তিপত্র স্বাক্ষর সম্পন্ন হয়। এই চুক্তির ফলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সোনালী পেমেণ্ট গেটওয়ে ব্যবহার করে অনলাইন পদ্ধতির মাধ্যমে বিভিন্ন ফি বা চার্জ প্রদান করতে পারবেন। বর্তমানে শিক্ষার্থীদের যে কোনো ফিস জমা দেয়ার জন্য সরাসরি ব্যাংকে উপস্থিত হতে হয়, এর ফলে শিক্ষার্থীদের হযরানির শিকার হতে হয়, অথবা অনেক সময় নষ্ট হয় এবং আর্থিক ক্ষতি হয়। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পক্ষে মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মো. আসাদুজ্জামান এবং সোনালী ব্যাংক পিএলসির পক্ষে প্রিন্সিপাল অফিস কুমিল্লার ডেপুটি জেনারেল ম্যানেজার মো. মনির হোসেন চুক্তিতে স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে স্বাক্ষরিত চুক্তিপত্র হস্তান্তর করেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন এবং ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর জনাব মো. আফজাল করিম।

চুক্তিপত্র স্বাক্ষর অনুষ্ঠানে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, 'আজ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি স্মরণীয় দিন, কেননা আজ আমরা এবং বাংলাদেশের সর্ববৃহৎ ব্যাংক আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উন্নত সেবা নিশ্চিত করার জন্য একত্রিত হয়েছি। উপাচার্য আরো বলেন, যদিও দুইটি প্রতিষ্ঠান দুইটি ইন্ডাস্ট্রিতে কাজ করছে, কিন্তু আমাদের একটি সার্বজনীন লক্ষ্য রয়েছে, আর তা হলো দেশের নাগরিকদের সেবা প্রদান করা। এই চুক্তি স্বাক্ষরের মাধ্যমে আজ দুইটি প্রতিষ্ঠানের মধ্যে যে অংশীদারিত্ব সৃষ্টি হল এবং সম্পর্কের যাত্রা শুরু হল, তা দীর্ঘমেয়াদি হবে এবং সময়ের সাথে সাথে আরো নূতন মাত্রা যোগ হবে।

ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মো. আফজাল করিম বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের জন্য আধুনিক ও প্রযুক্তি-নির্ভর সেবা নিশ্চিত করার পাশাপাশি সোনালী ব্যাংক বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে অংশীদার হিসেবে পাশে থাকবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. আমিনুল হক চৌধুরী, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক কামাল উদ্দিন ভূইয়া, উপ-পরিচালক মোঃ নাছির উদ্দিন এবং সোনালী ব্যাংক পিএলসির ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর সুভাষ চন্দ্র দাস, জেনারেল ম্যানেজার তাওহিদুল ইসলাম, মো. মনিরুজ্জামান, মো. নূরুন নবী, শরিয়ত উল্লাহসহ উভয় প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।